R. N. No. 2532/57 | Phone No. RGG.112 | Regd No.—WB/MSD—4

Our Bricks are made of soil
Your dreams are made of
our toil
NIRMA
"Piyal Kunja"
Kamal Kumari Devi Sarani
Haridasnagar
P. O. Raghunathganj
Dist. Murshidabad
Phone : Office 28 Resi : 161

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

বিবাহ উৎসবে
ভি, ডি ও ক্যাসেট স্যুটিং
এর জন্য যোগাযোগ করুন—
ষ্টুডিও চিত্রশ্রী
রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ

৭৬ বর্ষ
৮ম সংখ্যা

রঘুনাথগঞ্জ ২০শে আষাঢ় বুধবার, ১৩৯৬ সাল।
৫ই জুলাই, ১৯৮৯ সাল।

নগদ মূল্য : ৪০ পয়সা
বার্ষিক ২০্

## পশ্চিমবঙ্গ পাওয়ার ডেভেলপমেন্ট করপোরেশনের ম্যানেজিং ডাইরেকটর সাগরদীঘি দেখে গেলেন

বহরমপুর, ৫ জুলাই : ২০৫০ মেগাওয়েটের প্রস্তাবিত সাগরদীঘি তাপবিদ্যুৎ কেন্দ্রের জায়গা সংক্রান্ত তথ্য সংগ্রহ করতে ওয়েষ্ট বেঙ্গল পাওয়ার ডেভেলপমেন্ট করপোরেশনের ম্যানেজিং ডাইরেকটর আজ সাগরদীঘি আসছেন। গতকাল তাঁর অফিসে অনুষ্ঠিত সাংবাদিক সম্মেলনে জঙ্গিপুর সংবাদ সম্পাদকের এক প্রশ্নের উত্তরে মুর্শিদাবাদের জেলা শাসক এই তথ্য জানান। তিনি আরো জানান, রাজ্যের বিদ্যুৎ মন্ত্রী ইতিমধ্যেই বহরমপুর পৌঁছে গেছেন। প্রস্তাবিত তাপবিদ্যুৎ কেন্দ্রের জন্য প্রতিদিন ভাগীরথী থেকে ২০০ কিউসেক জলের অনুমতি পাওয়া গেছে। এই জল আসবে সাগরদীঘি থানারই গাদী থেকে। ইতিমধ্যে জমির জন্য সাগরদীঘি, রঘুনাথগঞ্জ ও সুতী থানার ২১টি মৌজায় সার্ভের কাজ সম্পন্ন হয়েছে। ছাই নিষ্কাশন, বাসস্থান এবং মূল প্ল্যান্টের জন্য এই তিন থানা এলাকা থেকে প্রয়োজনীয় ৪০০০ একর জমি সংগ্রহ করা হবে। জল, দূষণ এবং অসামরিক পরিবহণ এই তিনটির ব্যাপারে (৪র্থ পৃষ্ঠায়)

## ফরেনসিক রিপোর্ট—কোল্ড ড্রিংকসে হানিকর মিশ্রণ রয়েছে

রঘুনাথগঞ্জ : গত ৫ জুন মহকুমা শাসকের নির্দেশে জঙ্গিপুরের কোল্ড ড্রিংকস্ ডিষ্ট্রীবিউটার সাত্তার সেখের গুদাম থেকে সিজ করা মালের মধ্যে ৬টি বোতল ফরেনসিক ল্যাবরেটারীতে পাঠান হয়। পরীক্ষার পর তাঁরা রিপোর্ট দেন উক্ত বোতলে স্বাস্থ্য হানিকর বস্তুর মিশ্রণ রয়েছে। এক সাক্ষাতকারে মহকুমা শাসক জানান, রিপোর্ট পাওয়ার পরই গত ৩০ জুন তাঁর নির্দেশে উক্ত ডিষ্ট্রীবিউটারের বিরুদ্ধে স্থানীয় এস ডি জে এম আদালতে মামলা দায়ের করা হয়েছে। তিনি আরোও জানান, থামস আপ, লিমকা ইত্যাদি ঠাণ্ডা পানীয় প্রস্তুতকারক ক্যালকাটা কোল্ড ড্রিংকস্ প্রাঃ লিঃ এর ম্যানেজার দীপঙ্কর ঘোষ গত ৩০ জুন তাঁর সঙ্গে দেখা করেন। যান্ত্রিক বিঘ্নের ফলে একমাত্র লিমকার কিছু বোতলে ত্রুটি থেকে যায়। এই ত্রুটি ধরতে পারার সঙ্গে সঙ্গে তারা ডিষ্ট্রিবিউটারদের কাছ থেকে ঐ লিমকা তুলে নেন। হয়তো সেই সময়ের মধ্যে কিছু ত্রুটিযুক্ত লিমকা বাজারে চলে যেতে পারে বলে শ্রীঘোষ (৪র্থ পৃষ্ঠায়)

## মাধ্যমিকের ফলে রঘুনাথগঞ্জ হাই চমক সৃষ্টি করলো

রঘুনাথগঞ্জ : এ বছর মাধ্যমিক পরীক্ষার ফলে ৪টিতে ষ্টার এবং ২৪টি বিষয়ে লেটার পেয়ে রঘুনাথগঞ্জ হাই স্কুল মহকুমায় চমক সৃষ্টি করেছে। সমস্যা সংকুল এই বিদ্যালয়ের প্রধান সমস্যা গৃহ। ঘরের অপ্রতুলতায় বহু ছাত্রকে কর্তৃপক্ষ ভর্ত্তি করতে সমর্থ হচ্ছেন না। তার উপর পুরাতন স্কুল থেকে প্রায় কোয়ার্টার মাইল দূরে নতুন কয়েকটি ঘর তুলে কিছু শ্রেণীকে ওখানে পরিচালিত করা হচ্ছে। এর ফলে শিক্ষকদের ছোটাছুটি করে ক্লাস চালাতে হচ্ছে। যার জন্য শিক্ষক ও স্কুলের পরিচালক কমিটির সদস্যদের জনগণের দুয়োরে গৃহ নির্মাণের জন্য চাঁদার খাতা হাতে ঘুরে বেড়াতে হচ্ছে। এতো অসুবিধার মধ্যেও শিক্ষকরা যে কৃতিত্ব দেখালেন তা সত্যই চমকপ্রদ। এই স্কুল মাধ্যমিকে পরীক্ষার্থী পাঠিয়েছিলেন সর্বমোট ৬৮ জন, তার মধ্যে মাত্র ২ জন অকৃতকার্য হয়েছে। মোট ফল বিশ্লেষণে দেখা যায় (৪র্থ পৃষ্ঠায়)

## রাস্তা মেরামত ও নির্ম্মাণ কাজে ব্যাপক চুরি!

ধুলিয়ান : সম্প্রতি স্থানীয় পুরসভার ১৩ ও ১৪ নং ওয়ার্ডে নতুন রাস্তা নির্মাণ ও পুরোনো রাস্তা মেরামতে ৯৬,৬৫০ টাকা মঞ্জুর হয়। এই কাজের কন্ট্রাক্ট পান ঠিকাদার শিশিরকুমার দাস। টেণ্ডার অনুযায়ী রাস্তাগুলিতে এক নম্বর কালো পাথর, রাস্তার দু'পাশে এক মিটার চওড়া মোরাম এবং সমস্ত রাস্তায় ভালভাবে পীচ দেওয়ার কথা। কিন্তু রাস্তার কাজ শুরু হলে নাকি দেখা যায় এক নম্বর কালো পাথরের পরিবর্তে নরম মাটি মেশানো পাথর এবং মোরামের পরিবর্তে লাল মাটি ব্যবহার করা হচ্ছে। পীচও সামান্য মাত্রায় ছড়িয়ে দেওয়া হয়। উল্লেখ্য, রাস্তা মেরামতির দায়দায়িত্ব বর্তমানে সম্পূর্ণ পুরপতি নিজের হাতে নিয়েছেন। এর পূর্বে এই দায়িত্বে ছিলেন ১৩নং ওয়ার্ডের পুর কমিশনার সি পি এমের আইনুল হক। বিভিন্ন দুর্নীতির অভিযোগ এনে তাঁর হাত থেকে (শেষ পৃষ্ঠায়)

## এলোমেলো বিদ্যুৎ সরবরাহ রুখতে এস ডি ও-র হস্তক্ষেপ

জঙ্গিপুর : পুর শহরের ভাগীরথীর পূর্ব পারে বিদ্যুৎ সরবরাহ ঠিক থাকছে না এই অভিযোগ পেয়ে মহকুমা শাসক তৎপর হন। তদন্তে জানা যায় শহরের অপর পারে রঘুনাথগঞ্জে বিদ্যুৎ সরবরাহ থাকলেও এখানে প্রায় থাকে না। এপারে বিদ্যুৎ অফিসে কোন ফোন না থাকায় কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা সম্ভব হয় না। আবার অফিসে খবর দিলেও ফোনের অভাবে তাঁরা রঘুনাথগঞ্জ বিদ্যুৎ সরবরাহ অফিসগুলির সঙ্গে যোগাযোগ করতে না পারায় বিদ্যুৎ সরবরাহ ঠিক হতে অযথা বিলম্ব হয়। এ ব্যাপারে মহকুমা শাসক রঘুনাথগঞ্জ বিদ্যুৎ বিভাগের (শেষ পৃষ্ঠায়)

পুনরায় জনতা চা : প্রতি কেজি ২৫-০০টাকা
চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

সর্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

২০শে আষাঢ় বুধবার ১৩৯৬ সাল

## দেশের অবস্থা

কবি বলিয়াছেন—দুর্গম গিরি কান্তার. মরু, দুস্তর পারাবার/লঙ্ঘিতে হবে রাত্রি নিশীথে, যাত্রীরা হুঁশিয়ার। বহু দুর্গম পথ অতিক্রম করিয়া দুঃখের কষ্টের অমানিশা কাটাইয়া এদেশে স্বাধীনতার উজ্জ্বল রবি উদিত হইয়াছিল প্রায় অর্দ্ধশতাব্দী পূর্বে। কিন্তু এতদিনেও কি সকল মানুষের সুখ স্বাচ্ছন্দ্য আসিয়াছে, দারিদ্র ঘুচিয়াছে? দাদাঠাকুর বলিয়াছেন—স্বাধীনতার পথ কোন কালেই কুসুমাবৃত নয়। সেপথ চিরকালই অতি পিচ্ছিল কণ্টক কঙ্করময়। যে মুক্তির জন্য পাগল হইতে পারে, যাহার অন্তরে বাইরে মুক্ত স্বাধীন হইবার বা অপরকে মুক্ত স্বাধীন করিবার ঐকান্তিক আগ্রহ পুঞ্জীভূত হইয়া উঠে সেই ঐ সকল বাধা বিপত্তি, বিঘ্ন বিপর্য্যয়কে হাস্য মুখেই উপেক্ষা করিয়া প্রচণ্ড শক্তিবলে আপনার গন্তব্য পথে চলিয়া যায়। কিন্তু আজ যাঁহারা নেতৃত্বে রহিয়াছেন তাঁহারা মুক্তির জয়ঢাক বাজাইয়া দেশবাসীকে দেশের উন্নতিকল্পে উদ্‌বুদ্ধ করিতে চাহিতেছেন, তাঁহারা কিন্তু সত্যসত্যই দেশবাসী মুক্তি পাগল হইয়া জাগিয়া উঠুক তাহা চাহিতেছেন না। তাঁহারা মিথ্যা আড়ম্বর, মিথ্যা বাহবা স্ফুটন করিয়া জনসাধারণকে ভুলাইয়া আপন স্বার্থসিদ্ধি করিতে ও ক্ষমতায় অধিষ্ঠিত থাকিতে চাহিতেছেন। সকল নেতাই, সকল রাজনৈতিক দলই দেশবাসীকে বোঝাইতে চাহিতেছেন তাঁহারাই দেশের মুক্তি আনিতে, দেশের উন্নতি করিতে সমর্থ, অন্য কেহই নহেন। কিন্তু তাঁহারা কেহই বুঝিতেছেন না যে বর্তমানে সেদিন আর নাই। মানুষের অন্তরচক্ষু খুলিয়া গিয়াছে, মানুষ মানুষকে চিনিতে এবং বুঝিয়া ফেলিতে শিখিয়াছে। কাহার ভিতর কতটুকু সত্য আন্তরিকতা আছে, আর কাহার ভিতর শুধু স্বার্থসিদ্ধির প্রচেষ্টা লুকাইয়া আছে—কে ফাঁকি দিয়া আত্মস্বার্থ, দলের স্বার্থসিদ্ধি মানসে দেশের সর্বনাশ সাধন করিতে পরাঙ্মুখ নহেন, দেশবাসী আজ তাহা বুঝিতে সক্ষম। বহু অভিজ্ঞতার ফলে দেশবাসী আজ সেইসব বর্ণচোরা, সিংহচর্ম বৃত গর্দ্দভদের দলকে অনায়াসেই চিনিয়া ফেলিবার শিক্ষালাভ করিয়াছে। চালাকী করিয়া কোন মহৎ কাজ হয় না। কিন্তু বর্তমানে এই সকল দাম্ভিক নেতারা জনগণকে গজমূর্খ ধরিয়া লইয়া চালাকীর দ্বারাই নিজের ও দলের আধিপত্য বিস্তারে সচেষ্ট হইয়াছেন। যাঁহারা নেতা, যাঁহারা দলীয় কর্মী, যাঁহারা দেশপ্রেমী হিসাবে নিজেদের প্রচার করিতেছেন—তাঁহাদের মধ্যে সততা ও সংযমের অভাব বিকটভাবে পরিলক্ষিত হইতেছে। সকলেই দেখা যাইতেছে আপন আপন আথিক সাফল্য অর্জনের চেষ্টায় মগ্ন। ক্ষমতার সিংহাসনে যাঁহারা অধিষ্ঠিত তাঁহাদের সম্বন্ধে অনুসন্ধান করিলে দেখা যাইবে সিংহাসনে আরোহণের পূর্বে যাঁহাদের 'লবণ আনিতে পান্তা' ফুরাইত, তাঁহারই আজ কেহ লক্ষপতি কেহ কোটিপতি হইয়াছেন। সেদিন যাঁহাদের মাথা গুঁজিবার আস্তানা ছিল না, তাঁহারা আজ প্রাসাদোপম অট্টালিকার মালিক হইয়াছেন। আজ জনসাধারণ তাঁহাদের লক্ষ নহে, যাহারা তাঁহাদের চরণসেবা করিতেছেন তাহাদেরকেই তাঁহারা করুণা বারি সিঞ্চন করিতেছেন। আজ আমাদের দেশের আনাচে কানাচে দূষিত বাষ্প জমাট বাঁধিয়া কি সামাজিক, কি রাষ্ট্রনৈতিক, কি ধর্ম সর্ব বিষয়েই দেশটাকে শুধু পঙ্গু করিয়াই রাখে নাই, পরন্তু পেছনের দিকে টানিয়া অনীতির পঙ্কে নিমজ্জিত করিয়া জাহান্নামের দিকেই ঠেলিয়া লইয়া যাইতেছে। কোনও নেতাই সঙ্কীর্ণ স্বার্থের উর্দ্ধে উঠিতে পারিতেছেন না। ফলে শনৈঃ শনৈঃ এদেশ ধ্বংসের পথে চলিতেছে।

## মানুষ গড়ার কারিগর প্রসঙ্গে

বোখারা হাজী জুবেদ আলি বিদ্যাপীঠের সহকারী শিক্ষকবৃন্দের পক্ষে টিচার্স' কাউন্সিলের পুষ্পিতারঞ্জন ব্যানার্জী ও সত্য চৌধুরী স্বাক্ষরিত একটি ফুলস্ক্যাপ কাগজের দুই পৃষ্ঠাব্যাপী দীর্ঘ প্রতিবাদপত্র আমরা পেয়েছি। এই পত্রে নির্দিষ্ট অভিযোগগুলি এড়িয়ে গিয়ে অপ্রাসঙ্গিক এবং অবান্তর বাক্যের ধূম্রজাল সৃষ্টি করা হয়েছে। তাঁরা যে ছাত্র ও অভিভাবকদের স্বার্থ এবং শিক্ষার আদর্শে নিবেদিত প্রাণ তার সাফাই গাওয়া হয়েছে এবং পরিশেষে ঐতিহ্যবাহী পত্রিকা জঙ্গিপুর সংবাদের হাল আমলের 'অসত্য সংবাদের বেসাতি' করার জন্য বেদনার্ত্ত (!) প্রশ্ন রেখেছেন। মূল অভিযোগ তাঁরা সুকৌশলে এড়িয়ে গিয়েছেন। কাজেই এই অবান্তর ও আবোল তাবোল প্রলাপোক্তি পত্রস্থ করার কোন প্রয়োজনীয়তা আমরা বোধ করলাম না। যাঁর সম্পর্কে অভিযোগ সেই প্রধান শিক্ষকমশায় নিজে স্বাক্ষর করে নিম্নলিখিত প্রশ্নগুলির সদুত্তর দিয়ে প্রতিবাদপত্র দিন। আমরা তা পত্রস্থ করব।

১) এবার ষষ্ঠ, সপ্তম ও নবম শ্রেণীর ব্যাকরণ রচনা এই তিনখানি ছাড়া আর কোন বইয়ের সিলেবাস পরিবর্তন হয়েছে কিনা? ২) এবার তিনি তাঁর স্কুলে পঞ্চম শ্রেণীতে পাঁচখানি, ষষ্ঠ শ্রেণীতে এগারোখানি, সপ্তম শ্রেণীতে আটখানি, অষ্টম শ্রেণীতে সাতখানি, নবম শ্রেণীতে চারখানি অর্থাৎ মোট পঁয়ত্রিশ খানি বই নতুন পাঠ্য করেছেন কিনা? ৩) এই ব্যাপক পরিবর্তনের জন্য বই কিনতে প্রতি ছাত্র ও অভিভাবককে বিপুল পরিমাণ অর্থ ব্যয় করতে হবে কিনা? ছাত্র ও শিক্ষকদরদী প্রধান শিক্ষক তাঁর শিক্ষার জন্য নিবেদিত প্রাণ সহ-শিক্ষকদের এটাই কি শিক্ষক জনোচিত আদর্শনিষ্ঠা? ৪) যে পঁয়ত্রিশ খানি বই নতুন পাঠ্য করা হয়েছে তারমধ্যে চৌত্রিশখানি তাঁর অনুগ্রহপুষ্ট স্থানীয় এক পুস্তক ব্যবসায়ীর এজেন্সিভুক্ত কিনা? ৫) এই পঁয়ত্রিশখানি বইয়ের মধ্যে চারখানি তাঁর সেই অনুগ্রহপুষ্ট পুস্তক ব্যবসায়ীর নিজস্ব প্রকাশনা কিনা? ৬) নবম শ্রেণীর তিনখানি বই বাদ দিয়ে অন্যান্য নতুন বইগুলি কোন প্রতিষ্ঠিত প্রকাশক বা লেখকের কিনা? এই প্রশ্নগুলির সদুত্তর দিয়ে প্রধান শিক্ষকমশায়কে আমরা প্রতিবাদপত্র পাঠাতে আহ্বান জানাচ্ছি। 'জঙ্গিপুর সংবাদ' সাংবাদিকতার পাঠ নীতিভ্রষ্ট শিক্ষকনামধেয় জো-হুকুমদের কাছ থেকে নিবে না। আমরা আমাদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সচেতন।

—সম্পাদক, জঙ্গিপুর সংবাদ

## চিঠি-পত্র

( মতামত পত্র লেখকের নিজস্ব )

### সি বি আই হানা প্রসঙ্গে

বিগত ৬ই আষাঢ় সংখ্যায় জঙ্গিপুর সংবাদ এ প্রকাশিত একটি সংবাদের আমরা তীব্র বিরোধিতা করিতেছি। বিগত ৯ই জুন সি বি আই ও সেলসট্যাক্স অফিসারের একটি দল ব্যবসায়ী শ্রীশ্যামাচরণ সাহার গুদাম সিল করিয়াছেন—এই সংবাদ ভিত্তিহীন।

সাহা ব্রাদার্স' বিড়ি ওয়ার্কসের
পক্ষে মিলন মুখার্জী
ধুলিয়ান

### ফাঁড়ির পাঁচ কনেষ্টবল সাসপেণ্ড

রঘুনাথগঞ্জ: গত ১১ জুন রাত্রে স্থানীয় গাড়ীঘাটে জনৈকা মহিলা প্রচারকারীর কাছ থেকে প্রচুর বিদেশী ফল্লুষ উদ্ধার করে পাঁচজন কনেষ্টবল বামাল মহিলাটিকে ফাঁড়িতে আটকিয়ে রাখে। ঘটনা জানাজানি হলে ওসি ঘটনাস্থলে এসে মহিলাসহ মালগুলি উদ্ধার করে থানায় নিয়ে আসেন। এবং ঐ পাঁচজন কনেষ্টবলের বিরুদ্ধে এস পিকে রিপোর্ট করলে. প্রথম দফায় সুশান্ত সামন্ত, ধীরাজ মিশ্র, পবন মণ্ডল ও সন্তোষ প্রামাণিককে ও পরে দ্বিতীয় দফায় বিরাজ মিশ্রকে এস পি সাসপেণ্ড করেন।

**NTPC**

नेशनल थर्मल पावर कारपोरेशन

# National Thermal Power Corporation Ltd.

(A GOVERNMENT OF INDIA ENTERPRISE)

**Farakka Super Thermal Power Project**

P. O. NABARUN : DIST. MURSHIDABAD (W. B.)

PIN : 742236

## Notice Inviting Tender

## Materials Management Department

Sealed Tenders in duplicate, are invited from reputed manufacturers and/or their authorised agents for supply of following materials :—

| Sl. No. | Tender No. | Description of materials | Quantity |
|---|---|---|---|
| 1) | FS:42:MD:T-32/1395 | 350 m.m NB ERW MS pipe as per API-5L Grade B, Handling medium Fly Ash Slurry. Working PR-15 Kg./CM2 Length-12 M each. | 7752 Mtrs. |
| 2) | FS:42:MD:T-32/1471 | ERW MS Pipe (Heavy duty) as per IS: 1239 Part-I of the sizes 20 NB, 25 NB, 40 NB, 50 NB, 80 NB, 100 NB, 150 NB, 65 NB, 200 NB, 250 NB, & 00 NB. | 15,500 Mtrs. |
| 3) | FS:42:MD:T-36/0389 | Steel Cot as per our drawing. | 352 Nos. |
| 4) | FS:42:MD:T-13/0358 | a) Amstead Ride Control Bogie assembly complete for our Hopper Wagon required for our NTPC/FSTPP's MGR system. | 05 Nos. |
| | | b) Wheel & Axle Set to suit the above Bogie Assembly. | 30 Nos. |
| 5) | FS:42:MD:T-40/1363 | G. I. Rigid conduit as per IS:1653 of sizes 19 m.m., 25 m.m. & 38 m.m. | 45 KM. |

## Qualifying Requirement/General Conditions :

1) Bidders should have proven experience for manufacturing and supply of above items including testing facility in their works.

2) Bidders should have manufactured and or supplied 50% of the above materials in value/quantity during last two years.

3) Documentary evidence for above alongwith tender fee of Rs: 50/- for each tender by Demand Draft only shall have to be sent for issue of tender documents to Engineer (Purchase).

4) Tender documents will be Issued only to prima-facis qualified bidders after scrutiny of credentials which are to be furnished alongwith your request for documents. However, issuance of tender documents will not automatically quality the firm which shall be determined during bid evaluation. NTPC reserves the right to alter the qualifying requirement as may be needed.

5) Last date for request for issue of tender documents will be 25-7-89. Due date of tender opening will be indicated in the respective tender documents.

6) The above details are only indicative, full details are as given in our documents.

contd. 4 pages

## সাগরদীঘি দেখে গেলেন

( ১ম পৃষ্ঠার পর ) সবুজ সংকেত পাওয়া গেছে। বাকী শুধু পরিবেশ। এই প্রসঙ্গে জঙ্গিপুরের মহকুমা শাসক জানান, ৫ জুলাই ওয়েষ্ট বেঙ্গল পাওয়ার ডেভেলপমেণ্ট করপোরেশনের ম্যানেজিং ডাইরেক্টর তাঁর দপ্তরে আসেন। সাগরদীঘি তাপ বিদ্যুৎ প্রকল্পের জায়গা ঘুরে এসে তিনি সন্তোষ প্রকাশ করেন। তিনি আরো জানান, আগামী ১২ জুলাই দিল্লী থেকে একটি টিম পরিবেশ সংক্রান্ত অনুমোদনের ব্যাপারে সাগরদীঘি আসছেন। আশা করা যায়, এর পর কেন্দ্রের অনুমোদন লাভে আর আটকাবে না। প্রকল্পের জন্য ব্যয় ধরা হয়েছে ২০০০ কোটি টাকা। জঙ্গিপুর সংবাদ সম্পাদকের আর একটি প্রশ্নের উত্তরে জেলা শাসক জানান, প্রস্তাবিত রঘুনাথগঞ্জ বাসষ্ট্যাণ্ডের জন্য জমি সংগ্রহ করা হবে। রঘুনাথগঞ্জ রবীন্দ্র ভবনের উন্নতিকল্পে কিছু টাকা সংস্থানের জন্য চেষ্টা চালানো হচ্ছে। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে জেলা শাসক জানান, নতুন এ্যাডমিনিসট্রেটিভ বিলডিং-এ প্রেস করনার থাকবে। জওহর রোজগার যোজনায় জেলার জন্য বরাদ্দ ৮ কোটি ৭৫ লক্ষ টাকার মধ্যে সাড়ে তিন কোটি টাকা এখন পর্যন্ত পাওয়া গেছে। জেলায় বাঙলাদেশী অনুপ্রবেশের ঘটনা বাড়ছে। অধিকাংশকেই ফেরত পাঠানো হয়েছে। ২১৭ জনের বিরুদ্ধে অনুপ্রবেশের জন্য মামলা রুজু করা হয়েছে। জেলায় ৭-৮টি সীমান্ত থানা এলাকায় এর ফলে নাগরিকত্বে কোন গোলমাল দেখা যাচ্ছে না। জেলায় গড়ে তিনদিনে একটি খুনের ঘটনা অব্যাহত আছে। বহরমপুর সেনট্রাল জেলে ৫৩ জন বন্দী বিভিন্ন দাবি-দাওয়ার ভিত্তিতে অনশন শুরু করেছেন। বহরমপুর শহরে টেলিফোন ব্যবস্থার হাল এমন বেহাল হয়েছে যে, বিরক্ত হয়ে অনেকেই টেলিফোন ব্যাক করে দিতে চাইছেন। এবং এই ব্যাক করতে চেয়েও জেলা শাসক স্বয়ং সেই অফিসারকে ফোনে পাননি। জেলার ২৬ জন জে এল আর ও-র মধ্যে নতুন আদেশ-বলে এখনও যাঁরা রেভিনিউ অফিসার হিসাবে জয়েন করেননি তাঁদের জুন মাসের বেতন দেওয়া হয়নি। শহরে খানা-ডোবা ইত্যাদি বন্ধ করে যথেচ্ছভাবে যে হারে বাড়ী তৈরী শুরু হয়েছে এবং যার ফলে বর্ষায় জলনিকাশী ব্যবস্থা বিপর্যস্ত হয়ে পড়েছে, সাংবাদিকরা সে ব্যাপারে তাঁর দৃষ্টি আকর্ষণ করলে এ ব্যাপারে জেলা শাসক তাঁর অক্ষমতার কথা প্রকাশ করেন।

## হানিকর মিশ্রণ রয়েছে

( ১ম পৃষ্ঠার পর )

স্বীকার করেন। মহকুমা শাসক তাঁকে প্রশ্ন করেন—ফুড লাইসেন্স বা ট্রেড লাইসেন্স না থাকা সত্ত্বেও তাঁরা কি ভাবে উক্ত ব্যবসায়ীকে ডিষ্ট্রিবিউটারের নিয়োগপত্র দিলেন। উত্তরে দীপঙ্করবাবু এ ব্যাপারে ভবিষ্যতে সজাগ হবেন বলে জানান। শ্রীঘোষ মহকুমা শাসকের কাছে ফরাক্কা মার্কেটে এখনও নকল পানীয় চলছে বলে অভিযোগ করেন। এবং এতে তাঁদের ব্যবসায়ে বেশ ক্ষতি হচ্ছে বলে জানান। অন্য দিকে পেপসী ও আইসক্রীম ব্যবসায়ীরা আমাদের পত্রিকা দপ্তরে এক লিখিত পত্রে জানিয়েছেন—তাঁরা বাজার থেকে পেপসী ছাপযুক্ত মোড়ক কিনে সরকারী স্বীকৃত পাউডার দিয়ে পেপসী ক্রীম তৈরী করেন। সে ক্ষেত্রে ভেজাল পেপসী চালুর কথা গুজব ছাড়া কিছুই নয় বলে তাঁরা দাবী করেন। কিন্তু আমাদের অভিমত ফরেনসিক বিশ্লেষণ ছাড়া বাজারে চালু পেপসীর সম্বন্ধে এত নিশ্চিন্ত হওয়া ঠিক নয়। পুর স্বাস্থ্য পরিদর্শকের এ বিষয়ে সচেতন হয়ে বিভিন্ন কোম্পানীর নমুনা ফরেনসিক ল্যাবরেটারীতে পাঠানো প্রয়োজন বলে আমরা মনে করি। নতুবা জনগণের মন থেকে বিভ্রান্তি দূর করা সম্ভব হবে না।

## চমক সৃষ্টি করলো

( ১ম পৃষ্ঠার পর )

১ম বিভাগে ১৪ জন ( ৪ জন ষ্টারসহ ), ২য় ও ৩য় বিভাগে ২৩ জন করে এবং কম্পার্ট-মেণ্টাল পেয়েছে ৬ জন। সর্বোচ্চ নং ৭২৬। শহর ও শহরতলীর যে সব স্কুলের ফলাফল আমাদের দপ্তরে এসে পৌঁছিয়েছে তাতে শ্রীকান্তবাটী হাই প্রশংসার দাবী রাখে। শহরের নামী দামী স্কুলে ছাত্র-ছাত্রী বেছে নেওয়ার পর পরিত্যক্ত ছাত্র-ছাত্রীরাই শহর-তলীর এই স্কুলে আশ্রয় নেয়। অল্প মেধাযুক্ত এই সব ছাত্র-ছাত্রীকে গড়ে পিটে মানুষ করেন শ্রীকান্তবাটী হাই এর শিক্ষকরা। এ বছরে তাঁরা যে ফল দেখিয়েছেন তা এক কথায় অপ্রত্যাশিত। এঁরা পরীক্ষার্থী পাঠান সর্ব-মোট ৪৪ জন। ফলাফলে দেখা যায় তার মধ্যে ১ম বিভাগে তিনজন, ২য় বিভাগে ১৩ জন, ৩য় বিভাগে ১০ জন। কম্পার্টমেণ্টাল ৯ জন ও অকৃতকার্য ৯ জন। মোট লেটার চারটি বিষয়ে। সর্বোচ্চ প্রাপ্ত নম্বর ৬৪৪। তুলনামূলকভাবে আর্থিক, গৃহ ও শিক্ষক সমস্যামুক্ত জঙ্গিপুর উচ্চ বিদ্যালয়ের মত একটি প্রাচীন স্কুলের ফলাফল স্থানীয় মানুষকে হতবাক করেছে। এঁরা পরীক্ষা দিতে পাঠান ৪৮ জন। তার মধ্যে পাশ করেছে ১ম বিভাগে ২, ২য় বিভাগে ১৪ এবং ৩য় বিভাগে ১৯। কম্পার্টমেণ্টাল ৬ ও ফেল ৭ জন। রঘুনাথগঞ্জ উচ্চ বালিকা বিদ্যালয়ের সম্পূর্ণ ফলাফল বহু চেষ্টা করেও আমরা সংগ্রহ করতে পারিনি। তবে জানা গেছে ১ম বিভাগে একটি ষ্টারসহ ৭ জন পাশ করেছে। জঙ্গিপুর বালিকা বিদ্যালয়ে মোট ছাত্রী ২৫ জন। ফলাফল ১ম বিভাগ ১, ২য় বিভাগ ৬, ৩য় বিভাগ ৫, কম্পার্টমেণ্টাল ৩, অকৃতকার্য্য ৬, বাকী অসম্পূর্ণ। বাড়ালা হাই মোট ৬৬ জনের মধ্যে ১ম, ২য়, ৩য় বিভাগে ২, ১১, ১৫ জন, কম্পার্ট-মেণ্টাল ৬ বাকী অসম্পূর্ণ। বন্যেশ্বর হাই মোট ১৬ জনের মধ্যে ২য় ও ৩য় বিভাগে ৪ ও ৮, কম্পার্টমেণ্টাল ১, ফেল ৩। মির্জাপুর হাই মোট ছাত্র-ছাত্রী ৮২ এর মধ্যে ১ম, ২য়, ৩য় বিভাগে ৩, ১২ এবং ২২ জন, কম্পার্ট-মেণ্টাল ১৯, অকৃতকার্য্য ৯ জন এবং অসম্পূর্ণ ১৭ জন। এ বছর অসম্পূর্ণের সংখ্যা সবচেয়ে বেশী। মালডোবা হাই স্কুলের ফল সবই অসম্পূর্ণ বলে জানা গেছে।

From 3 Pages

7) EMD as indicated in our tender papers is to be submitted with the offers.

8) This tender notice may also be used for purpose of enlistment of vendors for future supplies.

9) NTPC is not responsible for any communication/postal delays.

10) NTPC reserves the right to accept/reject any request for issue of tender documents or offers without assigning any reason therefore.

**Chief Materials Manager**
**FSTPP/NTPC**

## আপাততঃ কংগ্রেস সত্যাগ্রহ উঠিয়ে নিল

রঘুনাথগঞ্জ : গত ২৭ জুন রাত্রি ৯টা নাগাদ ডি এম এবং এস পি এখানে এসে জঙ্গিপুরের কংগ্রেস বিধায়ক হাবিবুর রহমান ও প্রাক্তন বিধায়ক মহঃ সোহরাবের সঙ্গে দীর্ঘ তিন ঘণ্টা আলোচনা করেন। ওসির ব্যাপারে ১৫ দিনের মধ্যে ব্যবস্থা নেওয়ার প্রতিশ্রুতি দিলে সত্যাগ্রহ আন্দোলন আপাততঃ উঠিয়ে নেওয়া হয়। প্রশাসন তাঁদের প্রতিশ্রুতি পালন না করলে ১৫ দিন পর ডি এমের দপ্তরের সামনে সত্যাগ্রহ শুরু করা হবে বলে মহঃ সোহরাব জানান।

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সুতি থানার অধীন কুসুমগাছি গ্রামের মুসলমান জনসাধারণকে জানান যাইতেছে যে, নিম্ন পরিচিত সম্পত্তি লইয়া উক্ত সাকিমের সোলেমান সেখের পুত্র জনৈক গোলাম মোস্তফা জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালতে ২১১/৮৬ নং এক স্বত্ব মোকর্দ্দমা আনয়ন করিয়াছেন। উক্ত সম্পত্তি সম্পর্কে স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তিগণ যাহারা উপরোক্ত মোকর্দ্দমায় বাদী বা বিবাদীর শ্রেণীভুক্ত হইতে ইচ্ছুক তাহারা শ্রেণীভুক্ত হইতে পারেন।

তপশীল চৌহর্দি :-

জিলা মুর্শিদাবাদ, থানা সুতি, মৌজা 'কুসুমগাছি' মধ্যে খং নং ৭৩০, দাগ নং ১১৮৭, পরিমাণ ·০২ শতক দরগাহ মুসলমান সাধারণের ব্যবহার্য্য।

By order
Serestadar, Jangipur
1st Court of Munsif
30. 6, 89

Wanted a B. A. with Arabic teacher in a deputation vacancy. Apply within 15 days.

Secretary,
Karaiya Jr. High School
P. O. Karaiya
Dist. Murshidabad
PIN 742237

### জায়গা বিক্রি

মির্জাপুর পুরানো গরুর হাটের দেড় বিঘা জায়গা বিক্রি আছে।

যোগাযোগের ঠিকানা—
করমচাঁদ জৈন
পোঃ সম্মতিনগর
জেলা মুর্শিদাবাদ
ফোন—জঙ্গিপুর ৪৩

## খুনীরা ধরা পড়ছে না রহস্য কোথায়?

নিজস্ব সংবাদদাতা : পুলিশ যে সজাগ নয়, তাও নয়—কেননা তাহলে গ্রেপ্তার একেবারেই হতো না। খেজুরতলা গ্রামের সন্ত্রাসকে কেন্দ্র করে বেশ কিছু কংগ্রেস কর্মী গ্রেপ্তার হয়েছেন। ফ্রেজারনগরের ঘটনায় দীর্ঘ ছ বছর পর সি পি এমের সমর্থক ৭জন-কে বোমাসহ পুলিশ ধরে থানায় নিয়ে এসেছে। কিন্তু সুতি থানার বংশবাটীতে অরুণ মাঝির হত্যার প্রধান আসামী বাণী ইসরাইল আজও বহাল তবিয়তে গ্রাম কাঁপিয়ে ঘুরে বেড়াচ্ছে। রামপুরা তেঘরীর অসহায় গৃহবধূ ভারতী মণ্ডলের হত্যাকারীদের গ্রেপ্তারের সংবাদও আজ পর্যন্ত পাওয়া যায়নি। গ্রামবাসীদের মন্তব্য রাজনৈতিক চাপে পুলিশ সব কিছু জেনেও চুপচাপ।

## থানা হাজতে মৃত্যু

সাগরদীঘি : ৫ জুলাই স্থানীয় থানা লকআপে গলায় লুঙ্গির ফাঁস দিয়ে জনৈক আসামী মারা যায়। খবর, এই থানার ফুলশহরী গ্রামের ওয়ায়েসখুর্নি সেখ নলহাটি থানার কাটাগড়িয়া গ্রামে শ্বশুরবাড়িতে গিয়ে তার স্ত্রীকে সন্দেহবশতঃ খুন করে এবং সেখান থেকে পালিয়ে এসে মোরগ্রাম পুলিশ ক্যাম্পে আত্মসমর্পণ করে। তাকে সাগরদীঘি থানা হাজতে রাখা হয়। ঘটনার দিন হাজতের ভেতর ইলেকট্রিকের পাইপে পরণের লুঙ্গি খুলে গলায় ফাঁস লাগিয়ে সে আত্মহত্যা করে।

### গম ভাঙ্গা মেসিন বিক্রী

মিঞাপুর রেল ক্রশিং এর নিকট চাউল পট্টিতে সদর রাস্তার উপর একটি চালু গম ভাঙ্গা মেসিন জায়গাসহ বিক্রী আছে। যোগাযোগ করুন :-

শিবশঙ্কর মেডিক্যাল হল
মিঞাপুর চাউল পট্টি

### জায়গা বিক্রি

রঘুনাথগঞ্জ শহরের পুরানো হাসপাতালের নিকটে আড়াই কাঠা জায়গা বিক্রি আছে। উপযুক্ত ক্রেতারা নিম্ন ঠিকানায় যোগাযোগ করুন।

অরুণকুমার সিংহ
পুরাতন হাসপাতাল রোড
রঘুনাথগঞ্জ
শিক্ষক শ্রীকান্তবাটী হাই স্কুল

### কিস্তিতে মোটর বাইক/স্কুটার/টিভি/বাস/লরী কিনবেন?

বাড়ী করার জন্য লোন চান? বাস্তু জমি বা পুরানো বাস, লরী, মোটর সাইকেল, টিভি প্রভৃতি কেনাবেচা করতে চান? সত্বর যোগাযোগ করুন।

*দিলসন্‌স্ মিউচুয়ালাইজার*
**DILSONS MUTUALISER**

শ্মশানঘাট রোড, পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ ৭৪২২২৫

বিঃ দ্রঃ ধুলিয়ান শাখা অফিস খোলার জন্য বেতন ও কমিশনে কর্মী চাই

*পশ্চিমবঙ্গ সরকার*

## ভূমি ও ভূমি সংস্কার প্রশাসনের নতুন কাঠামো সম্পর্কে বিজ্ঞপ্তি

এতদিন ভূমি সংস্কার বিভাগের অধীনে জেলা প্রশাসনের প্রতিটি স্তরে ভূমি সংস্কার শাখা এবং জরিপ ও ভূ বাসন শাখার পৃথক পৃথক কার্য্যালয় ছিল। ভূমি সংস্কার শাখা যেমন রাজস্ব ও সরকার ঋণ আদায়, উদ্‌বৃত্ত জমি বণ্টন, ভাগ চাষ মামলার নিষ্পত্তি, বাস্তু জমি অধিগ্রহণ আইনে পাট্টা বণ্টন ইত্যাদি কাজের দায়িত্বে ছিল জরিপ ও ভূ-বাসন শাখা তেমনি জমির স্বত্বলিপি তৈরি, উদ্‌বৃত্ত জমি সরকারে ন্যস্ত করা, বর্গাদার ও বাস্তু জমি দখলকারদের নাম লিপিবদ্ধ করা ইত্যাদি কাজে দায়িত্বে ছিল। একই বিভাগের কাজ জেলা প্রশাসনের বিভিন্ন স্তরে দুভাগে ভাগ হওয়ার ফলে জমিতে স্বার্থসংশ্লিষ্ট জনসাধারণের বিশেষ করে দরিদ্র বর্গাদার, পাট্টাদার ইত্যাদির অনেক অসুবিধা হচ্ছিল। জমি সংক্রান্ত ব্যাপারে তাদের পৃথক পৃথক অফিসে ছুটাছুটি করতে হত। তাছাড়া ভূমি সংস্কার শাখার ব্লকস্তরের নিচে কোন অফিস ছিল না। জরিপ ও ভূ-বাসন শাখারও অধিকাংশ অফিস ছিল ব্লক স্তরে। ফলে দরিদ্র গ্রামবাসীদের জমি সংক্রান্ত কোন কাজের জন্য অনেক সময় নষ্ট করে ব্লক স্তরের অফিসে যোগাযোগ করতে হোত।

গ্রামবাসীদের এসব অসুবিধা বিবেচনা করে এবং ভূমি প্রশাসনকে আরও জনমুখী করার উদ্দেশ্যে জেলার বিভিন্ন স্তরে নিম্নবর্ণিত নূতন অফিসগুলি খোলা হয়েছে।

১। **রেভেনিউ ইন্সপেক্টারের অফিস (গ্রাম পঞ্চায়েত স্তর)**—এই অফিসগুলির কাজ হবে বকেয়া স্বত্বলিপি লিখন, জনসাধারণকে চূড়ান্ত স্বত্বলিপির ভিত্তিক তথ্য সরবরাহ। নাম খারিজ, জমির রূপান্তকরণ এবং ভাগ চাষ সম্পর্কিত যাবতীয় আবেদনের উপর প্রাথমিক তদন্তের দায়িত্বও এই অফিসগুলির উপর ন্যস্ত হয়েছে। তাছাড়া রাজস্ব, সেস ও সরকারী ঋণ আদায়, বর্গাদারের সার্টিফিকেট এবং সরকারের ন্যস্ত জমির ও বাস্তু জমির দখলকারদের পাট্টাপ্রদান প্রভৃতি কাজও এই অফিস সমূহের দায়িত্বের মধ্যে থাকবে। ২। **ব্লক ভূমি ও ভূমি সংস্কার অফিস ( ব্লক স্তর )** :- এই অফিসগুলির মুখ্য কাজ হবে রেভেনিউ ইন্সপেক্টারদের কাজের সামগ্রিক তদারকি। তাছাড়া স্বত্বলিপি লিখন, ভূমি সংস্কার ও ভূমি শাসন সংক্রান্ত আইনের বিভিন্ন ধারায় মামলার শুনানি ও নিষ্পত্তি এই অফিস সমূহ থেকে হবে। এই অফিসের মুখ্য আধিকারিক হলেন ব্লক ভূমি ও ভূমি সংস্কার অফিসার এবং তার সহকারী হলেন তিনজন রেভেনিউ অফিসার। ৩। **মহকুমা ভূমি ও ভূমি সংস্কার অফিস ( মহকুমা স্তর )** :- রেভিনিউ ইন্সপেক্টারদের অফিস এবং ব্লক ভূমি ও ভূমি সংস্কার অফিস সমূহের নানাবিধ কাজের তত্ত্বাবধান এবং বিভিন্ন প্রশাসনিক কাজ এই অফিসগুলি থেকে সম্পন্ন হবে। এই অফিসের মুখ্য আধিকারিক হলেন মহকুমা ভূমি ও ভূমি সংস্কার অফিসার। ৪। **জেলা ভূমি ও ভূমি সংস্কার অফিস (জেলা স্তর)** জেলার ভূমি প্রশাসনের সামগ্রিক দায়িত্ব এই অফিসগুলির উপর ন্যস্ত। অধস্তন অফিসগুলির জমি সংক্রান্ত বিভিন্ন মামলার আপীলের শুনানী ও নিষ্পত্তি এই অফিস থেকে হবে। এই অফিসের মুখ্য আধিকারিক হলেন জেলা ভূমি ও ভূমি সংস্কার অফিসার।

নূতন ব্যবস্থায় গ্রাম পঞ্চায়েত স্তরে রেভিনিউ ইন্সপেক্টারের অফিস খোলার ফলে গ্রামবাসীদের আর ভূমি সংক্রান্ত ব্যাপারে সময় নষ্ট করে ব্লক বা মহকুমা স্তরে যোগাযোগ করার দরকার হবে না। ভূমি সংক্রান্ত যে কোন ব্যাপারে প্রাথমিকভাবে রেভিনিউ ইন্সপেক্টারের অফিসে যোগাযোগ বা আবেদন করলেই চলবে।

## সোসালিষ্ট পার্টির কনভেনশন

ধুলিয়ান : গত ২ জুলাই স্থানীয় শহরের সুরুসুদ্দিন বিশ্বাসের বিড়ি গোডাউন হলে পশ্চিমবঙ্গ সোসালিষ্ট পার্টি ধুলিয়ান শাখার উদ্যোগে শ্রমিক, কৃষক, মৎস্যজীবী, ছাত্র-সহ সমস্ত শ্রেণীর সম-মতাবলম্বীদের কনভেনশন অনুষ্ঠিত হয়। এই কনভেনশনে প্রধান অতিথি হিসেবে পঃ বঃ সোসালিষ্ট পার্টির সভাপতি শৈলেন অধিকারী এবং প্রধান বক্তা হিসেবে পঃ বঙ্গের মৎস্যমন্ত্রী কিরণময় নন্দ উপস্থিত ছিলেন। জেলা সম্পাদক মোহন পাল ও জঙ্গিপুর মহকুমার নেতা তরুণ সেনের নেতৃত্বে বিশেষ এক রাজনৈতিক পটভূমিকার মধ্য দিয়ে আজ এলাকার মানচিত্রে বামফ্রন্টের শরিক দল সোসালিষ্ট পার্টি আত্মপ্রকাশ করে। কৃষক ক্ষেত-মজুর, মৎস্যজীবী, যুব, ছাত্র, বিড়ি মজদুর এবং রিক্সাচালক প্রতিটি স্তরের প্রায় পাঁচ শতাধিক প্রতিনিধি কনভেনশনে অংশ গ্রহণ করেন। প্রধান অতিথি, প্রধান বক্তা ছাড়াও কমঃ মোহন পাল ও তরুণ সেন বক্তব্য রাখেন। কনভেনশন শেষে গঙ্গানদীর সন্নিকটবর্তী লালপুর গ্রামে মৎস্যমন্ত্রী মৎস্য উৎপাদন কেন্দ্রের উদ্বোধন করেন।

## আর্থিক কষ্টে আত্মহত্যা

জঙ্গিপুর : গত ২৮ জুন রাত্রে পিয়ারাপুর গ্রামের অক্ষয় চৌবে (২৮) গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করেন বলে খবর। জানা যায় তাঁর আর্থিক অবস্থা খুব ভাল চলছিল না। সেই সমস্যায় তাঁর আত্মহত্যার কারণ বলে গ্রামবাসীরা মনে করেন।

## ব্যবসায়ীর গৃহে ডাকাতি

গনকর : গত ২২ জুন সন্ধ্যা রাত্রে মির্জাপুর মারোয়ারী পট্টিতে রেশম ব্যবসায়ী বেগরাজ জৈনের বাড়ীতে এক ডাকাতি হয়। দুর্বৃত্তরা ১০টি বোমা ফাটায় ও ঐ বাড়ীর জনৈক প্রকাশ জৈনের গলা থেকে একটি সোনার চেন খুলে নেয়। মির্জাপুর ও সুজাপুরের বেশ কয়েকজন সমাজবিরোধীর একটি দল এই ধরনের উপদ্রব শুরু করেছে বলে জানা যায়।

## যুব কংগ্রেস কর্মী সম্মেলন

জঙ্গিপুর : গত ২৫ জুন রঘুনাথগঞ্জ ২নং ব্লকের পিয়ারাপুরে জঙ্গিপুর বিধানসভা কেন্দ্রের যুব কর্মী সম্মেলন অনুষ্ঠিত হয়। রাজ্য বিরোধী দলনেতা আবদুস সাত্তার, মুর্শিদাবাদের বিধায়ক মান্নান হোসেন, আলি হোসেন, মহঃ সোহরাব তাঁদের বক্তব্যে পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় সি পি এমের অত্যাচারের কথা বর্ণনা করেন। এবং এর বিরুদ্ধে রুখে দাঁড়ানোর জন্য কর্মীদের এগিয়ে আসতে বলেন। সম্মেলনে প্রায় ১০০ জন কর্মী উপস্থিত ছিলেন।

## ফুটবল প্রশিক্ষণ শিবির

জঙ্গিপুর : রঘুনাথগঞ্জ ২নং ব্লক যুব করণের উদ্যোগে গত ২ জুন থেকে ২৬ জুন পর্যন্ত ২১ দিনব্যাপী এক ফুটবল প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়ে গেল সম্মতিনগর স্পোর্টিং ক্লাব ময়দানে। এই প্রশিক্ষণ শিবিরে মোট ৩৬ জন শিক্ষার্থী প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষক হিসাবে নিযুক্ত ছিলেন রঘুনাথগঞ্জের সুবোধ দাস। প্রশিক্ষণ শিবির চালাতে সহযোগিতা করেন সম্মতিনগর স্পোর্টিং ক্লাব।

## এস ডি ও-র হস্তক্ষেপ

(১ম পাতার পর)

এ্যাঃ ইঞ্জিনিয়ার ও এ্যাণ্ড এমকে চিঠি দিয়ে কি কারণে কতক্ষণ এখানে বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকছে তার দৈনিক খতিয়ান তাঁকে জানাতে নির্দেশ দিয়েছেন। গত ২৩ জুন থেকে ঐ রিপোর্ট তাঁকে দেওয়া হচ্ছে ২০/২৫ দিন পর ঐ রিপোর্ট নিয়ে ঊর্দ্ধতন কর্তৃপক্ষের সঙ্গে তিনি যোগাযোগ করবেন বলে এক সাক্ষাতকারে মহকুমা শাসক আমাদের প্রতিনিধিকে জানান। তিনি আরোও জানান, বিদ্যুৎ এর অনিয়মিত সরবরাহের ব্যাপারে তিনি জনসাধারণের হতাশা ও ক্ষোভ দূর করতে তাঁর পক্ষে যতখানি করা সম্ভব তা করবেন।

## রাস্তা মেরামত ও নির্মাণ

(১ম পাতার পর)

ঐ ভার কেড়ে নিয়ে পুরপতির হাতে ন্যস্ত হয়। গোপন সূত্রে জানা যায় আইনুল হক বছর খানেক আগে বোর্ড ভাঙ্গার চক্রান্তে লিপ্ত হন, কিন্তু দলের চাপে শেষ পর্যন্ত ঐ কাজে বিরত থাকেন। সি পি এম দল তারই বদলা নিতে গত ৪ জুন বোর্ডের মিটিং-এ শ্রীহকের হাত থেকে ক্ষমতা কেড়ে নেওয়ার ব্যবস্থা করেন।

## বিজ্ঞপ্তি

### দুঃখুলাল নিবারণচন্দ্র কলেজ

অরঙ্গাবাদ, মুর্শিদাবাদ

এতদ্দ্বারা এই কলেজের ছাত্র-ছাত্রীদের জানানো যাইতেছে যে তাহাদের প্রাপ্য Library Caution Money (১৯৭৮-৭৯) শিক্ষাবর্ষ পর্যন্ত) আগষ্ট, ১৯৮৯ মধ্যে না তুলিলে বাজেয়াপ্ত হইয়া যাইবে।

ধীরেন্দ্রনাথ বিশ্বাস
লেকচারার-ইন-চার্জ
দুঃখুলাল নিবারণচন্দ্র কলেজ
অরঙ্গাবাদ, মুর্শিদাবাদ

যৌতুকে V I P
সকল অনুষ্ঠানে V I P
ভ্রমণের সাথী V I P
এর জুড়ি কি আর আছে!
সংগ্রহ করতে চলে আসুন দুলুর দোকানের
VIP সেন্টারে
এজেন্ট
প্রভাত ষ্টোর (দুলুর দোকান)
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

বসন্ত মালতী
রূপ প্রসাধনে অপরিহার্য
সি, কে, সেন এ্যাণ্ড কোং
লিমিটেড
কলিকাতা ॥ নিউ দিল্লী

সুযোগ নিন। এখন থেকে ঘরে বসেই আপনার দেয় করের (Tax) রিটার্ণ, আইনানুগ হিসাব (Accounts) সংরক্ষণ এমন কি অডিট করিয়ে নিন।
যোগাযোগ—
শঙ্খনাথ চ্যাটার্জী
প্রযত্নে বিশ্বপতি চ্যাটার্জী
পাকুড়তলা ॥ রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ

রঘুনাথগঞ্জ (পিন—৭৪২২২৫) পণ্ডিত প্রেস হইতে
অহুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত